নির্বাচনের আগেই জুলাই সনদ বাস্তবায়নের আহ্বান সারোয়ার তুষারের



সংগৃহীত ছবি

এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার বলেছেন, জাতীয় নির্বাচনের আগে যেকোনো প্রক্রিয়ায় জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে। আদালতের সিদ্ধান্তে নয়, রাজনৈতিক দলগুলোর ঐকমত্য বা সরকারের উদ্যোগেই এ সংকট সমাধান হওয়া উচিত বলে মন্তব্য করেন তিনি।

জাতীয় নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়নের দাবি জানিয়েছেন এনসিপির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার। শুক্রবার (৩ অক্টোবর) বিকেলে জাতীয় জাদুঘরে আয়োজিত 'জুলাই সনদের বাস্তবায়ন কোন পথে' শীর্ষক সেমিনারে তিনি এ আহ্বান জানান।

সেমিনারটির আয়োজন করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। বক্তব্যে সারোয়ার তুষার বলেন, "গণভোট হোক কিংবা সাংবিধানিক আদেশ, যেকোনো প্রক্রিয়াতেই নির্বাচনের আগে জুলাই সনদ বাস্তবায়ন জরুরি। সরকার চাইছে সব পক্ষকে সন্তুষ্ট রাখতে। তাই সংবিধানের ১০৬ ধারায় আদালতের মাধ্যমে সমাধানের প্রস্তাব করছে ঐকমত্য কমিশন।"

তিনি আরও বলেন, "সংবিধান পরিবর্তন বা নতুন সংবিধান প্রণয়নের জন্য কোনো গণঅভ্যুত্থানের প্রয়োজন নেই। রাজনৈতিক দলগুলো যদি ঐকমত্যে পৌঁছাতে না পারে, তবে সরকারেরই দায়িত্ব হবে জুলাই সনদ বাস্তবায়ন করা।"

আলোচনায় বক্তারা সতর্ক করে বলেন, সংকট নিরসনে ব্যর্থ হলে দেশে আবারও ওয়ান ইলেভেনের মতো পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

LENS ASIA